৭

ভোরের কাগজ

তারিখ ... 04 JUL 1998 ...
পৃষ্ঠা ৮ ... কলাম ... ৫ ...

# কৃষি বিশ্ববিদ্যালয়ের ৩৫ কোটি টাকার বাজেট ঘোষণা

গত মঙ্গলবার ফিন্যান্স কমিটির সভায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮–৯৯ অর্থ বছরের জন্য প্রণীত ৪৬ কোটি ৪৬ লাখ ৩৪ হাজার টাকা চাহিদা বরাদ্দের বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্থিরকৃত সিলিং অনুসরণে ৩৫ কোটি টাকার মূল বরাদ্দ অনুমোদন করা হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহম্মদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় ফিন্যান্স কমিটির অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ফিন্যান্স কমিটির সচিব মোঃ ইদ্রিছ আলী ১৯৯৮–৯৯ অর্থবছরের মূল বাজেট এবং ১৯৯৭–৯৮ অর্থবছরের সংশোধিত বাজেট উপস্থাপন করেন।

অধিবেশনে অভিমত ব্যক্ত করা হয় যে, উভয় বাজেটেই বিশ্ববিদ্যালয়ের চাহিদা ও প্রয়োজন অনুযায়ী বরাদ্দের পরিমাণ একেবারেই অপ্রতুল। ফিন্যান্স কমিটি এ ব্যাপারে উদ্বেগ ও উৎকণ্ঠা প্রকাশ করেছে। অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ আয় বৃদ্ধির পাশাপাশি ব্যয়ভার সীমিত রাখার লক্ষ্যে ফিন্যান্স কমিটি কর্তৃক কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।